দৈনিক সংবাদ

তারিখ 26 FEB 1998
পৃষ্ঠা ২ কলাম ৬

42

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ভর্তি ফরম দেয়া হবে ৩রা মার্চ, পরীক্ষা ১৫ই এপ্রিল

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ২৫শে ফেব্রুয়ারি (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ভর্তি ফরম আগামী ৩রা মার্চ থেকে ৩০শে মার্চ পর্যন্ত বিতরণ ও জমা নেয়া হবে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৫ই এপ্রিল থেকে ২৮শে এপ্রিল পর্যন্ত।

এবারে ভর্তি ফরমের মূল্য নির্ধারণ করা হয়েছে ৭৫ টাকা। গত বছর ভর্তি ফরমের মূল্য ছিল ৪০ টাকা।

### উপাচার্যের সৌজন্য সাক্ষাৎ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আবদুল খালেক বলেছেন, রাঃবিঃতে পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় এবার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে একটি ছাত্র হল নির্মাণ করা হবে।

তিনি আজ সন্ধ্যায় উপাচার্য লাউঞ্জে বিশ্ববিদ্যালয়ে কর্মরত সাংবাদিকদের সাথে এক সৌজন্য সাক্ষাতে একথা জানান। এ সময় উপ-উপাচার্য প্রফেসর সাইদুর রহমান খান, রেজিস্ট্রার প্রফেসর মোহাম্মদ ইউনুস এবং প্রেস প্রকাশনা ও জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক এম, ফারুক-উজ-জামান উপস্থিত ছিলেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট ও অর্থ কমিটির দু'টি পদের নির্বাচন ২৬শে ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে।

নির্বাচনে দু'টি পদে তিনটি প্যানেল থেকে মোট ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন প্রফেসর ক্যাটাগরির সিন্ডিকেটের একটি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন আওয়ামী লীগ-বাম ও বিএনপি সমর্থিত যৌথ প্যানেল থেকে প্রফেসর জুলফিকার মতিন, জামাত সমর্থিত প্যানেলের প্রফেসর মখলেসুর রহমান ও প্রফেসর ভূঁইয়ার নেতৃত্বাধীন প্যানেল থেকে প্রফেসর সাইদুল ইসলাম।

অর্থ কমিটির একটি পদের নির্বাচনে যৌথ প্যানেল থেকে অধ্যাপক আবু বকর সিদ্দিক, জামাত প্যানেলের অধ্যাপক ময়েজুল ইসলাম ও প্রফেসর ভূঁইয়া সমর্থিত প্যানেল থেকে অধ্যাপক আফরাউজ্জামান খান চৌধুরী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

সিন্ডিকেট সদস্য প্রফেসর সাইদুর রহমান খান উপ-উপাচার্য হিসেবে নিযুক্তি লাভ করলে ঐ পদটি শূন্য হয়।